

### সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে শিক্ষকবৃন্দের নিয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকবৃন্দের নিয়ে দিনব্যাপী ‘Training on Outcome Based Education (OBE) Curriculum and Co-Curricular Activities’ শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (০৩ অক্টোবর ২০২৩) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিম এর সঞ্চালনায় প্রশিক্ষণ কোর্সের রিসোর্স পার্সন হিসেবে ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, এসিসিই বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আশরাফুল আলম এবং মাইক্রোবায়োলজী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ফিরোজ আহমেদ। প্রশিক্ষণে নোবিপ্রবির নতুন তিনটি বিভাগের নবীন শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। বিভাগগুলো হলো মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, পদার্থ বিভাগ ও রসায়ন বিভাগ। এছাড়াও প্রশিক্ষণে নোবিপ্রবির অন্যান্য বিভাগগুলো থেকে একজন করে শিক্ষক প্রতিনিধি অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘আমরা সবসময় তাৎক্ষণিক ফলাফল পাওয়ার চেষ্টা করি যা কখনোই উচিত নয়। আমাদেরকে আরও ধৈর্যশীল হতে হবে। দক্ষতা ও পেশাগত উৎকর্ষতার মাধ্যমে নিজের ওপর অর্পিত দায়িত্ব পালন করতে হবে। নবীন শিক্ষকদের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য বলেন, শিক্ষকতা একটি মহৎ পেশা। এই পেশায় আপনাদের নিজেদেরকে ঢেলে সাজানোর সুযোগ রয়েছে। আপনারা কাজের মাধ্যমে নোবিপ্রবিকে গতিশীল রাখবেন এই প্রত্যাশা করি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, ‘বিবেক, সততা এই শব্দগুলো শিক্ষকতার জন্যই প্রযোজ্য। নিজ নিজ অবস্থানে সৎ থেকে কাজ করে যেতে হবে। এই প্রশিক্ষণ কোর্সের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘আজকের এই প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা। পেশাগত উৎকর্ষতা অর্জনে এ ধরনের প্রশিক্ষণ কোর্সের প্রয়োজনীয়তা রয়েছে। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমরা নোবিপ্রবি পরিবারও সহযোগী হব। সবাইকে ধন্যবাদ। জয় বাংলা জয় বঙ্গবন্ধু।’

R. Kaiser

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

